

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড  
জনসংযোগ শাখা  
রাজশাহী

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় শোক দিবসে রেশম উন্নয়ন বোর্ডে আলোচনা সভাও দোয়া অনুষ্ঠান

রাজশাহী/ ১৫-০৮-১৭

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪২তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উপলক্ষে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় ও পিত কেন্দ্র, রাজশাহী, উপজেলা রেশম সম্প্রসারণ কার্যালয়, পবা, রাজশাহী এর সমন্বয়ে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডে একটি আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দিনের শুরুতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার মাধ্যমে শোক দিবসে গৃহিত কর্মসূচির সূচনা করা হয়। জাতীয় শোক দিবসের এই দিনে বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এর নেতৃত্বে সকাল ১০.৩০ ঘটিকায় জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্প স্তবক অর্পণ করা হয়। এরপর সকাল ১০.৪৫ ঘটিকায় পবিত্র কোরআন থেকে তেলওয়াত ও গীতা থেকে পাঠের মধ্য দিয়ে আলোচনা অনুষ্ঠানের সূচনা করা হয়।

সভায় ১৯৭৫ সালের ১৫ আগস্ট নির্মম হত্যাকাণ্ডের নিন্দা জানিয়ে জাতির জনকের দেশের প্রতি অবদান ও রাজনৈতিক জীবনের উপর আলোকপাত করা হয়। সভায় মহাপরিচালক জাতির জনকসহ নিহতদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করে সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার প্রধান রূপকার জাতির জনকের মহান আত্মত্যাগের বর্ণনা দেন। তিনি বলেন, জাতির পিতার কারণেই আমরা স্বাধীনতার সুফল ভোগ করছি। জাতির পিতার সোনার বাংলা গড়ার লক্ষ্যে দেশ এগিয়ে যাচ্ছে। এ লক্ষ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীকে সঠিকভাবে ও মান সম্মত কাজ করার অনুরোধ জানান। আলোচনা শেষে ১৫ আগস্টে শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

আলোচনা অনুষ্ঠানে আরও বক্তব্য দেন রেশম উন্নয়ন বোর্ডের সদস্য(অর্থ: ও পরি:) মো: কামাল উদ্দীন, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মো: জামালউদ্দীন শাহু, সদস্য(উৎপাদন ও বাজার:) মো: সেরাজুল ইসলাম, সদস্য(সম্প্রসারণ ও প্রেষণা) এম. এ মান্নান, সচিব মো: জায়েদুল ইসলাম, বোর্ডের প্রধান সম্প্রসারণ কর্মকর্তা মো: মাহবুবুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা মো: মনসুর আলী, বিক্রয় কর্মকর্তা সুকদেব হাজারা, সিবিএ সভাপতি মো: আবু সেলিম ও সাধারণ সম্পাদক মো: শামসুল হক এবং বীজ পরীক্ষক মো: ফরহাদ হোসেন। আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তা, কর্মচারী এবং শ্রমিকবৃন্দ উপস্থিত ছিলেন। সুমন ঠাকুর, জনসংযোগ কর্মকর্তা অনুষ্ঠানের সঞ্চালকের দায়িত্ব পালন করেন।

স্বাক্ষরিত/১৫-০৮-১৭

**সুমন ঠাকুর**

জনসংযোগ কর্মকর্তা

ফোন: ৭৭৫০১৩

মোবা: ০১৭৩১৫০৮৪৭৭

ইমেইল: suar30.4@gmail.com

বি:দ্র: ছবি ইমেইল করা হয়েছে।

